
# তিস্তা মহাপরিকল্পনা দিয়ে উত্তরবঙ্গকে জীবন্ত করার ঘোষণা: জামায়াত আমির




সংগৃহীত ছবি

ক্ষমতায় গেলে বেকার ভাতা নয়, মানুষের হাতে কাজ তুলে দেওয়ার অঙ্গীকার করেছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেন, যোগ্যতার ভিত্তিতে নারীদের রাষ্ট্রের বিভিন্ন ক্ষেত্রে সম্মানজনক দায়িত্ব দেওয়া হবে এবং দেশকে বিভক্তির রাজনীতি থেকে বের করে আনা হবে।

শুক্রবার (২৩ জানুয়ারি) রাতে রংপুর মহানগরীর পাবলিক লাইব্রেরি মাঠে ১০ দলীয় জোটের নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

উত্তরবঙ্গের উন্নয়নে তিস্তা নদীকে কেন্দ্র করে একটি মহাপরিকল্পনা বাস্তবায়নের কথা তুলে ধরে তিনি জানান, সরকার গঠন করতে পারলে সবার আগে তিস্তা নদীর পুনর্জীবনে কাজ শুরু করা হবে। তার ভাষ্য, দীর্ঘদিনের অবহেলা ও অনিয়মে তিস্তা, করতোয়া ও অন্যান্য নদী প্রাণহীন হয়ে পড়েছে। বরাদ্দের অর্থ সঠিকভাবে কাজে না লাগায় নদীগুলো আজ মরুময় চিত্র ধারণ করেছে। এসব নদীর স্বাভাবিক প্রবাহ ও প্রাণ ফেরাতে কার্যকর উদ্যোগ নেওয়া হবে।

তিনি বলেন, তিস্তা পুনরুদ্ধার হলে উত্তরবঙ্গের কৃষি, অর্থনীতি ও জীবনযাত্রায় ইতিবাচক পরিবর্তন আসবে। তাই তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নকে অগ্রাধিকার দেওয়া হবে।

রাষ্ট্র পরিচালনার দর্শন প্রসঙ্গে তিনি উল্লেখ করেন, ন্যায় ও ইনসাফভিত্তিক বাংলাদেশ গড়াই তাদের লক্ষ্য। বিভিন্ন দেশের সঙ্গে তুলনা টেনে সমালোচনার জবাবে তিনি বলেন, বাংলাদেশকে অন্য কোনো দেশের আদলে গড়ার চিন্তা নেই। বরং এমন একটি রাষ্ট্রব্যবস্থা গড়ে তোলা হবে যেখানে সকল ধর্ম ও শ্রেণির মানুষের অধিকার সুরক্ষিত থাকবে। তিনি ঐতিহাসিক মদিনার শাসনব্যবস্থার উদাহরণ উল্লেখ করেন, যেখানে ন্যায়বিচার ও সহাবস্থানের চর্চা ছিল।

LENS ASIA